

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ২২, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

তারিখ : ২৩ বৈশাখ, ১৪২৭ বঙ্গাব্দ/০৬ মে, ২০২০ খ্রিষ্টাব্দ

নং ১১/মুসক/২০২০—যেহেতু, বর্তমানে করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাব প্রতিরোধে সরকার কর্তৃক নানা ধরনের পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে। এরই অংশ হিসেবে বৈশ্বিক এ মহামারী মোকাবেলায় অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এসআরও নং-৯২-আইন/২০২০/৬৯/কাস্টমস, তারিখ : ২২ মার্চ, ২০২০ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে আমদানি পর্যায়ে পিপিইসহ আনুষাঙ্গিক পণ্য আমদানির ক্ষেত্রে সমুদয় শুল্ক-কর অব্যাহতি প্রদান করা হইয়াছে; এবং

যেহেতু, করোনা রোগীদের চিকিৎসা প্রদানের জন্য ডাক্তার, নার্সসহ সংশ্লিষ্ট সকলের মানসম্মত পিপিই ও সার্জিক্যাল মাস্ক পরিধান করিতে হয়। তাছাড়া, করোনা ভাইরাস ছড়িয়ে পড়ার কারণে আগামী দিনগুলোতে দেশে প্রচুর পরিমাণ পিপিই ও সার্জিক্যাল মাস্কের (ফেইস মাস্কসহ) প্রয়োজন হইতে পারে, যাহা এ ধরনের দুর্যোগকালীন পরিস্থিতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করিয়া থাকে;

সেহেতু, জনস্বার্থে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, বৈশ্বিক

(৫৭৬৯)

মূল্য : টাকা ৪.০০

মহামারীর এ দুর্যোগকালীন সময়ে নিম্নবর্ণিত পণ্যের ক্ষেত্রে উৎপাদন, ব্যবসায়ী ও যোগানদার পর্যায়ে
প্রযোজ্য মূল্য সংযোজন কর আগামী ৩০ জুন, ২০২০ খ্রিস্টাব্দ পর্যন্ত অব্যাহতি প্রদান করিল, যথা :—

ক্রমিক নং	বিবরণ
১.	পারসোনাল প্রোটেকচিভ ইকুইপমেন্ট (পিপিই)
২.	সার্জিক্যাল মাস্ক (ফেইস মাস্কসহ)

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী ফরিদ উদ্দীন
প্রথম সচিব (মুসক নীতি)।